যায়যায়দিন

তারিখ 06 APR 2007
পৃষ্ঠা ৩ কলাম ৪

# কুমিল্লা ইউনিভার্সিটির অগ্রযাত্রায় আরেকটি মাইলফলক

জাহেদুল আলম

কুমিল্লা ইউনিভার্সিটির প্রথম সিন্ডিকেট সভাটি হয়ে গেল শনিবার ঢাকার সিদ্ধেশ্বরীস্থ লিয়াজো অফিসে। সিন্ডিকেট সভাটি কুমিল্লা ইউনিভার্সিটির অগ্রযাত্রায় আরেকটি মাইলফলক। ইউনিভার্সিটির প্রথম উপাচার্য প্রফেসর ড. গোলাম মাওলার সভাপতিত্বে ওই সিন্ডিকেট সভায় নেয়া হয়েছে কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত। স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষাবিদদের সমন্বয়ে গড়া সিন্ডিকেট সদস্যরা এ সভায় উপস্থিত ছিলেন। উপাচার্য ড. মাওলার স্বাগত বক্তব্যের মাধ্যমে সভার কাজ শুরু হয়। শুরুতেই উপাচার্য কুমিল্লা ইউনিভার্সিটির প্রতিষ্ঠা থেকে এ পর্যন্ত সার্বিক কার্যক্রম নিয়ে আলোচনা করেন। এরপর একে একে আলোচনা করেন সিন্ডিকেট সদস্যরা। সিন্ডিকেট সদস্যরা বলেন, প্রতিভাবান শিক্ষাবিদ প্রফেসর ড. গোলাম মাওলার নিপুণ দক্ষতা ও পরিশ্রমের ফসল এই কুমিল্লা ইউনিভার্সিটি। তার যোগ্য নেতৃত্ব কুমিল্লাবাসীর আশা-আকাঙ্ক্ষা ও স্বপ্ন পূরণে সহায়ক ভূমিকা রাখবে।

সিন্ডিকেট সদস্যরা বলেন, শূন্য থেকে একটি ইউনিভার্সিটি দাড় করানো সত্যিই দুরুহ কাজ। ড. গোলাম মাওলা অত্যন্ত দক্ষতা ও নিষ্ঠার সঙ্গে খুব কম সময়ের মধ্যে সীমিত জনবল দিয়ে তা পালন করছেন।

আলোচনার এক পর্যায়ে উপাচার্য ড. গোলাম মাওলা কুমিল্লা ইউনিভার্সিটির সার্বিক অগ্রগতি ও ভবিষ্যৎ কর্ম পরিকল্পনা তুলে ধরেন। তিনি ইউনিভার্সিটির ভর্তি কার্যক্রমে স্বচ্ছতার ব্যাপারে সিন্ডিকেট সদস্যদের অবহিত করেন। শিক্ষার্থীদের শ্রেণীকক্ষ, উন্নত লাইব্রেরিসহ বিভিন্ন সুযোগ-সুবিধা সম্পর্কে আলোচনা করেন। ইউনিভার্সিটির নতুন কিছু বিভাগ পরবর্তী শিক্ষাবর্ষ থেকে চালুর ব্যাপারে সিদ্ধান্ত নেয়া হয়। উপাচার্য কুমিল্লা ইউনিভার্সিটিকে ধূমপান ও রাজনীতিমুক্ত করার তাগিদ দিয়ে ছাত্রছাত্রীদের মেধা বিকাশ ঘটানোর ব্যাপারে বিভিন্ন কার্যক্রম পরিচালনার কথা উল্লেখ করেন। এছাড়া মে মাসের প্রথম সপ্তাহ থেকে অনার্সের ক্লাস শুরুর ব্যাপারেও সিদ্ধান্তে পৌছেন সিন্ডিকেট সদস্যরা।